



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd



ইউজিসি মুজিববর্ষ প্রকাশনা নীতিমালা, ২০২০

(২৯-১২-২০২০ তারিখে অনুষ্ঠিত কমিশনের ১৫৯তম সভায় অনুমোদিত)

প্রস্তাবনা।— উচ্চশিক্ষা ক্ষেত্রে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অনবদ্য অবদানকে চিরস্মরণীয় করিয়া রাখিতে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উপলক্ষে বঙ্গবন্ধুর ওপর লিখিত মৌলিক দুইটি পাণ্ডুলিপি (বাংলা ও ইংরেজি) আহবান ও প্রকাশের নিমিত্ত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। কমিশনের রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশন হইতে গ্রন্থ দুইটি প্রকাশের জন্য কমিশন কর্তৃক নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হইলো।

১। সংক্ষিপ্ত শিরোনাম।— এই নীতিমালা ‘ইউজিসি মুজিববর্ষ প্রকাশনা নীতিমালা, ২০২০’ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে, এই নীতিমালায়-

(ক) ‘বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন’ অর্থ The University Grants Commission of Bangladesh Order, 1973

(P.O. No. 10 of 1973) দ্বারা গঠিত University Grants Commission of Bangladesh;

(খ) ‘কমিশন’ অর্থ The University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O. No. 10 of 1973)

এবং The University Grants Commission of Bangladesh (Amendment) Act, 1998 এর Article 4(1)

অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খণ্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশন;

(গ) ‘চেয়ারম্যান’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান;

(ঘ) ‘সদস্য’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ণকালীন সদস্য;

(ঙ) ‘সচিব’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব;

(চ) ‘লেখক’ অর্থ এই নীতিমালার অনুচ্ছেদ ৫ এ বর্ণিত ব্যক্তি/ব্যক্তিবর্গ, যাহারা স্বেচ্ছায় স্বরচিত পাণ্ডুলিপি জমা দিতে আগ্রহী;

(ছ) ‘বিশেষজ্ঞ’ অর্থ জ্ঞানের স্ব স্ব শাখায় বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠানের প্রথিতযশা অধ্যাপক, অবসরপ্রাপ্ত অধ্যাপক, পণ্ডিত ও

স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের গবেষক বা বিষয় বিশেষজ্ঞ;

(জ) ‘প্রকাশনা কমিটি’ অর্থ এই নীতিমালার অনুচ্ছেদ ৬ অনুযায়ী কমিশন কর্তৃক গঠিত পাণ্ডুলিপি নির্বাচন, মূল্যায়ন ও প্রকাশনা

সংক্রান্ত কার্যাদি পরিচালনা কমিটি;

(ঝ) ‘ইউজিসি পুস্তক প্রকাশনা তহবিল’ অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সৃষ্ট তহবিল;

(ঞ) ‘টেন্ডার কমিটি’ অর্থ পাবলিক প্রকিউরমেন্ট আইন ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা অনুযায়ী কমিশন কর্তৃক গঠিত টেন্ডার

কমিটি; এবং

(ট) ‘নীতিমালা’ অর্থ ইউজিসি মুজিববর্ষ প্রকাশনা নীতিমালা।

৩। লক্ষ্য ও উদ্দেশ্য।— জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন, সুদীর্ঘ সংগ্রাম, নেতৃত্ব ও আত্মত্যাগ, রাজনৈতিক দর্শন, রাষ্ট্র পরিচালনায় তাঁহার নীতি ও আদর্শ এবং শিক্ষা ও সমাজ ভাবনাসহ বাংলাদেশের সামগ্রিক বিষয়ে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ উপলক্ষ্যে পাণ্ডুলিপি আহবান ও প্রকাশ করা।

৪। অধিক্ষেত্র।— বঙ্গবন্ধুর দর্শন: জীবন দর্শন, রাজনৈতিক দর্শন, শিক্ষা দর্শন, উন্নয়ন দর্শন, রাষ্ট্রচিন্তা, সমাজভাবনা ইত্যাদি।

৫। লেখকের যোগ্যতা।— বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষক ও অবসরপ্রাপ্ত শিক্ষকগণ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণা প্রতিষ্ঠান/সংস্থার শিক্ষক/গবেষকগণ পাণ্ডুলিপি জমা দেওয়ার জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।

৬। প্রকাশনা কমিটি।— পাণ্ডুলিপি নির্বাচন, মূল্যায়ন ও প্রকাশনা সংক্রান্ত কার্যাদি পরিচালনার জন্য নিম্নরূপভাবে একটি কমিটি থাকিবে-

| | | |
|---|---|------------|
| (ক) চেয়ারম্যান | - | সভাপতি |
| (খ) সদস্যবৃন্দ | - | সদস্য |
| (গ) সচিব | - | সদস্য |
| (ঘ) পরিচালক (অর্থ ও হিসাব) | - | সদস্য |
| (ঙ) পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন) | - | সদস্য |
| (চ) অতিরিক্ত পরিচালক (রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন) | - | সদস্য |
| (ছ) উপ-পরিচালক (পাবলিকেশন) | - | সদস্য-সচিব |

৭। প্রকাশনা কমিটির কার্যপরিধি।—

- পুস্তক প্রকাশের কর্ম পরিকল্পনা গ্রহণ করা ও তদানুযায়ী বাজেট অনুমোদন করা;
- অনুমোদিত বাজেটের ভিত্তিতে প্রকাশিতব্য বইয়ের মুদ্রণ, প্রকাশন, লেখক সম্মানী প্রদান এবং বিপণন ও বিক্রয়ের জন্য টেন্ডার কমিটির সুপারিশের আলোকে শর্তাবলী সংবলিত কার্যাদেশ ও সমঝোতা স্মারক অনুমোদন করা;
- লেখকের নিকট হইতে পাণ্ডুলিপিসহ প্রাপ্ত আবেদনপত্র বিবেচনাপূর্বক পাণ্ডুলিপি নির্বাচন করা;
- পাণ্ডুলিপি মূল্যায়নের জন্য তিনজন বিষয় বিশেষজ্ঞ মনোনয়ন প্রদান করা হইবে। মনোনীত তিনজন বিশেষজ্ঞের নিকট মতামতের জন্য পাণ্ডুলিপি প্রেরণ করা হইবে; ন্যূনপক্ষে দুইজন বিশেষজ্ঞের ইতিবাচক মতামত সাপেক্ষে পাণ্ডুলিপি প্রকাশের জন্য গণ্য করা;
- বিশেষজ্ঞ মতামত সাপেক্ষে যদি পাণ্ডুলিপি সংশোধন, সম্পাদন অথবা বিষয়গত ও ভাষাগত মান উন্নয়নের আবশ্যিকতা দেখা দেয় তাহা হইলে লেখককে দিয়ে উহা করাইয়া নেওয়া অথবা পাণ্ডুলিপি চূড়ান্তরূপে গ্রহণ বা বর্জন করা; এবং
- পুস্তক প্রকাশের জন্য প্রয়োজনে অন্যান্য আনুষঙ্গিক নীতি নির্ধারণ করা।

৮। পাণ্ডুলিপি সংগ্রহের নিয়মাবলি।—

- লেখকের নিকট হইতে নির্ধারিত সময়ের মধ্যে পাণ্ডুলিপি আহবানের জন্য বহুল প্রচারিত কমপক্ষে ২ (দুই)টি বাংলা ও ১ (এক)টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকাসহ ২ (দুই)টি অনলাইনভিত্তিক বাংলা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হইবে। একইসাথে পাণ্ডুলিপি আহবানের বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য সকল বিশ্ববিদ্যালয়ে প্রেরণসহ ইউজিসি ওয়েবসাইটে আপলোড করা হইবে;
- বাংলায় সর্বোচ্চ ১২ পয়েন্ট ও ইংরেজিতে সর্বোচ্চ ১০ পয়েন্ট কম্পিউটার কম্পোজ করিয়া ০৩ (তিন) কপি মূল পাণ্ডুলিপি এ৪ (A4) সাইজের কাগজে স্পাইরেল অথবা খোলা বাঁধাইপূর্বক লেখক (কর্মরত শিক্ষক/গবেষকগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এবং অবসরপ্রাপ্ত শিক্ষক/গবেষকগণ সরাসরি) কর্তৃক কমিশনে দাখিল করিতে হইবে;
- কমিশন কর্তৃক চূড়ান্ত নির্বাচিত পাণ্ডুলিপিটি লেখক কর্তৃক ১/১৬ ডিমাই বা ১/৮ ফ্রাউন সাইজে সিঙ্গেল লাইন স্পেসে ফরমেটিং করিয়া ওয়ার্ড ফাইল ও পিডিএফ আকারে পেনড্রাইভ/সিডিতে কমিশনের প্রকাশনা শাখায় দাখিল করিতে হইবে;
- বাংলা ও ইংরেজি উভয় ভাষায় পাণ্ডুলিপি প্রণয়ন করা যাইবে;

~~১৩০০০০~~

- (ঙ) নীতিমালার অনুচ্ছেদ ৭ এর উপ-অনুচ্ছেদ (গ) অনুযায়ী প্রাপ্ত পাণ্ডুলিপি নির্বাচন করা হইবে। তবে, অন্য কোন প্রকাশক বা ব্যক্তি উদ্যোগে পূর্বে প্রকাশিত পুস্তক পুনঃমুদ্রণ বা পুনঃসংস্করণের জন্য গ্রহণ করা হইবে না;
- (চ) পাণ্ডুলিপি দাখিলের বানান রীতি প্রমিত নিয়ম অনুসরণ করিতে হইবে;
- (ছ) নীতিমালার অনুচ্ছেদ ৭ এর উপ-অনুচ্ছেদ (ঘ) ও (ঙ) মোতাবেক বিশেষজ্ঞের মতামত গ্রহণপূর্বক পাণ্ডুলিপি মুদ্রণ ও প্রকাশনা প্রক্রিয়া শুরু করা হইবে;
- (জ) চূড়ান্তভাবে নির্বাচিত পাণ্ডুলিপি পুস্তক আকারে মুদ্রণ ও প্রকাশের জন্য লেখককে, কমিশনের সাথে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পুস্তক মুদ্রণ এবং প্রকাশের জন্য সমঝোতা স্মারকে চুক্তিবদ্ধ হইতে হইবে; এবং
- (ঝ) নির্বাচিত পাণ্ডুলিপির প্রথম সংস্করণের সংখ্যা নিরূপণের ক্ষেত্রে ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক নির্ধারিত হইবে।

৯। রয়্যালটি/সম্মানী।—

- (ক) নির্বাচিত লেখককে প্রকাশিত পুস্তকের জন্য এককালীন ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা সম্মানী প্রদান করা হইবে;
- (খ) পরবর্তী সংস্করণ/ মুদ্রণের ক্ষেত্রে পুস্তকের প্রোডাকশন কস্টের ২০% হারে লেখককে রয়্যালটি প্রদান করা হইবে;
- (গ) একাধিক লেখকের ক্ষেত্রে রয়্যালটি/সম্মানী এবং বই সমহারে বণ্টন করিয়া দেওয়া হইবে। তবে, লেখক একজন হইলে ১৫ (পনের) কপি এবং একাধিক লেখক হইলে ২০ (বিশ) কপি বই সমহারে বণ্টন করিয়া দেওয়া হইবে;
- (ঘ) পাণ্ডুলিপি মূল্যায়নের ক্ষেত্রে বিশেষজ্ঞদের প্রথমবার বিশেষজ্ঞ মতামত প্রদানের জন্য ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা সম্মানী প্রদান করা হইবে। তবে, দ্বিতীয়বার (প্রযোজ্য ক্ষেত্রে) বিশেষজ্ঞ মতামত প্রদানের জন্য ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা সম্মানী প্রদান করা হইবে;
- (ঙ) প্রফ রিডিং এর জন্য (অনধিক ৩ বার) প্রতি ফর্মা ৫০০.০০ (পাঁচশত) টাকা হারে পারিতোষিক প্রদান করা হইবে;
- (চ) প্রচ্ছদ অংকনের জন্য খ্যাতনামা/প্রথিতযশা প্রচ্ছদ শিল্পীর সম্মানী বাবদ ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা প্রদান করা হইবে;
- (ছ) প্রচ্ছদ শিল্পীকে ২টি এবং প্রফ রিডারকে ১টি গ্রন্থ সৌজন্য সংখ্যা প্রদান করা হইবে; এবং
- (জ) রয়্যালটি/সম্মানী প্রদানের ক্ষেত্রে বিধি মোতাবেক ভ্যাট/ট্যাক্স কর্তন করা হইবে।

১০। কপিরাইট।—


- (ক) লেখককে অবশ্যই জাতীয় ও আন্তর্জাতিক কপিরাইট আইন মান্য করিতে হইবে;
- (খ) কমিশন কর্তৃক প্রকাশিত বইয়ের এক বা একাধিক সংস্করণের জন্য কপিরাইট প্রকাশক হিসেবে কমিশন কর্তৃক সংরক্ষিত থাকিবে;
- (গ) ইউজিসি পুস্তক প্রকাশনা তহবিল হইতে প্রকাশিত পুস্তকের প্রথম ও পরবর্তী সংস্করণ/মুদ্রণ কমিশন কর্তৃক প্রকাশ করা হইবে; এবং
- (ঘ) বই মুদ্রণের আগে অথবা পরে উক্ত বই সম্পর্কে যদি কোন অভিযোগ আসে তবে, সত্যতা প্রমাণ সাপেক্ষে উক্ত বই বাতিলের অধিকার কমিশন সংরক্ষণ করিবে।

১১। প্রকাশিত বইয়ের মূল্য নির্ধারণ প্রক্রিয়া।— প্রকাশিত বইয়ের মূল্য ইউজিসি পুস্তক প্রকাশনা কমিটি কর্তৃক নির্ধারিত হইবে।

১২। বিপণন ও বিক্রয়।— প্রকাশিত বই দুইটি বিপণন ও বিক্রয়ের ক্ষেত্রে ইউজিসি পুস্তক প্রকাশনা নীতিমালা অনুসরণ করা হইবে।

১৩। আদেশ জারির কার্যকরতা।— কমিশন সভার অনুমোদনের তারিখ হইতে এই নীতিমালা কার্যকর হইবে।

১৪। অস্পষ্টতা দূরীকরণ।— এই নীতিমালার কোন অনুচ্ছেদ/বাক্য/শব্দের ব্যাখ্যা বা অর্থ নির্ধারণ কিংবা বিশেষ কোন পরিস্থিতির উদ্ভব হইলে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।


 প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ
 চেয়ারম্যান